লেন্স এশিয়া

১৯ সেপ্টেম্বর, ২০২৫

# আফগানদের বিদায়ে বাংলাদেশ-শ্রীলঙ্কা একসঙ্গে সুপার ফোরে




সংগৃহীত ছবি

এশিয়া কাপে গ্রুপ ‘বি’-এর শেষ ম্যাচে শ্রীলঙ্কার কাছে আফগানিস্তান ৬ উইকেটে হেরে যায়। ফলে শ্রীলঙ্কার সঙ্গে বাংলাদেশও জায়গা করে নেয় সুপার ফোরে।
এশিয়া কাপের গ্রুপ ‘বি’-এর শেষ ম্যাচে আফগানিস্তানের বিপক্ষে জয় পেয়ে সুপার ফোর নিশ্চিত করল শ্রীলঙ্কা। একইসঙ্গে বাংলাদেশও জায়গা করে নিলো পরবর্তী পর্বে।
বৃহস্পতিবার (১৮ সেপ্টেম্বর) আবুধাবির শেখ জায়েদ স্টেডিয়ামে টস জিতে প্রথমে ব্যাট করতে নামে আফগানিস্তান। নির্ধারিত ওভারে তারা সংগ্রহ করে ১৬৯ রানের চ্যালেঞ্জিং স্কোর। জবাবে লঙ্কানরা ৮ বল হাতে রেখেই ৬ উইকেটে জয় নিশ্চিত করে।
ম্যাচ চলাকালীন ধারাভাষ্যকার রাসেল আর্নল্ড মন্তব্য করেন, শ্রীলঙ্কার এই জয় শুধু কলম্বোতেই নয়, বরং ঢাকাসহ বাংলাদেশের বিভিন্ন শহরেও সমান আনন্দে উদযাপিত হচ্ছে। কারণ, আফগান-শ্রীলঙ্কা ম্যাচের ফলাফলের ওপরই নির্ভর করছিল লিটন দাস-মোস্তাফিজদের সুপার ফোরে উত্তরণ।
বিস্তারিত আসছে...

LENS ASIA